সুনামগঞ্জে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ১০



ছবি: সংগৃহীত

সুনামগঞ্জের জামালগঞ্জে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের কর্মসূচিকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শনিবার (৭ নভেম্বর) দুপুর ১২টার দিকে উপজেলা সদরের থানার সামনে দুই পক্ষের নেতা-কর্মীরা সংঘর্ষে জড়ান। এতে অন্তত ১০ জন আহত হয়েছেন।

পুলিশ সূত্রে জানা যায়, উপজেলা বিএনপির আহ্বায়ক শফিকুর রহমানের সঙ্গে যুগ্ম আহ্বায়ক আব্দুল মালেক ও মাসুম তালুকদারের বিরোধ ছিল। এর মধ্যে দিবসটি উপলক্ষে দুই পক্ষ পৃথকভাবে র‍্যালি আয়োজন করে। র‍্যালি নিয়ে থানার সামনে দুই পক্ষের মুখোমুখি অবস্থানের পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

একপর্যায়ে উভয় পক্ষের নেতা-কর্মীরা পরস্পরকে ধাওয়া করেন এবং ইটপাটকেল ছোড়েন। পুলিশ পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করলেও সংঘর্ষ প্রায় আধা ঘণ্টা স্থায়ী হয়।

আহত ১০ জনকে উদ্ধার করে জামালগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে। সংঘর্ষের পর দুই পক্ষ থানার দুই পাশে অবস্থান নেয়। তাদের মাঝখানে পুলিশ সদস্যরা অবস্থান করছেন।

LENS ASIA